

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা

www.dshe.gov.bd



স্মারক নং: ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৪৬.১৯/৩৬২৫/৬

তারিখ: ০৬/০৫/১৪২৬ বঙ্গাব্দ
২৬/০৮/২০১৯ খ্রিস্টাব্দ


বিষয়: রংপুর জেলার কাউনিয়া উপজেলাধীন কাউনিয়া ডিগ্রী কলেজের জনাব মো: শহিদুল ইসলাম এর এমপিওভুক্তি।
সূত্র: কলেজের স্মারক নং- ১১৭/২০১৮, তারিখ: ২০/১২/২০১৮খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, রংপুর জেলার কাউনিয়া উপজেলাধীন কাউনিয়া ডিগ্রী কলেজে জনাব মো: শহিদুল ইসলাম (ইনডেক্স নং- ৮৩৫৬৫৩) ১৮/০৬/২০১২খ্রি. তারিখে প্রভাষক(মার্কেটিং) পদে যোগদান করে কর্মরত। কলেজটিতে উচ্চ মাধ্যমিক স্তরের উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়টি না থাকায় জাতীয় বিশ্ববিদ্যালয় ডিগ্রি স্তরে মার্কেটিং বিষয়টি অনুমোদন দেননি। পরবর্তীতে উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন বিষয়টি আবশ্যিক হওয়ায় বর্ণিত বিষয়টি সংশ্লিষ্ট বোর্ড কর্তৃক স্বীকৃতি পায়। স্বীকৃতি পাওয়ার প্রভাষক (উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন) পদে জনাব মো: শহিদুল ইসলামকে সমন্বয় করা হয়। ইনডেক্সধারী হওয়ায় বর্ণিত শিক্ষককে ৭ম গ্রেডে সরকারি বেতন-ভাতাদি প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অধ্যক্ষ সূত্রোক্ত পত্র প্রেরণ করেন।

জনাব মো: শহিদুল ইসলাম তিসতা ডিগ্রী কলেজ, লালমনিরহাটে প্রভাষক(মার্কেটিং) পদে ০৩/০১/২০০০খ্রি. তারিখে যোগদান করেন এবং মে/২০০২ তারিখে এমপিওভুক্ত হন। পরবর্তীতে চাকুরিকাল ০৮ বছর পূর্ণ হওয়ায় তিনি টাইম স্কেল প্রাপ্ত হয়ে বেতন স্কেল ৭ম হয়। তিনি প্রভাষক(মার্কেটিং) পদে রংপুর জেলার কাউনিয়া উপজেলাধীন কাউনিয়া ডিগ্রী কলেজে ১৮/০৬/২০১২খ্রি. তারিখে যোগদান করেন। কিন্তু কলেজটিতে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক ডিগ্রিস্তরে মার্কেটিং বিষয় অনুমোদন না পাওয়ায় তাকে গভর্ণিং বডি প্রভাষক(উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন) পদে সমন্বয় করেন। বিদ্যমান জনবল কাঠামো-২০১৮ এর ৯(II) ধারা অনুযায়ী প্যাটার্নভুক্ত পদ কোন কারণে শূণ্য হলে বিষয়ভিত্তিক শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে এমপিওভুক্ত উদ্বৃত্ত পদ হতে উক্ত পদে শিক্ষক কর্মচারী সমন্বয় করতে হবে। অতএব প্রভাষক(উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন) পদে মার্কেটিং বিষয়ে নিবন্ধনধারী শিক্ষক সমন্বয় হতে পারেন। জনাব মো: শহিদুল ইসলাম মার্কেটিং বিষয়ে রাজশাহী বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণিতে অনার্স এবং মাস্টার্স পাশ।

নিয়োগের অন্যান্য শর্ত যথাযথ থাকলে জনাব মো: শহিদুল ইসলামকে প্রভাষক(উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন) পদে সমন্বয়পূর্বক ৭ম কোডে এমপিওভুক্তিতে বাধা নেই।

বিষয়টি নির্দেশক্রমে অবহিত করা হলো।


০৮.০৮.১৯

(ফারহানা আক্তার)

সহকারী পরিচালক (ক-৩)

ফোন নং ৯৫৫৬০৫৭

অধ্যক্ষ

কাউনিয়া ডিগ্রী কলেজ, কাউনিয়া, রংপুর।

অনুলিপি : সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

০১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।

০২। সভাপতি, পরিচালনা পরিষদ, কাউনিয়া ডিগ্রী কলেজ, কাউনিয়া, রংপুর।

০৩। জেলা শিক্ষা অফিসার, রংপুর।

০৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কাউনিয়া, রংপুর।

০৫। জনাব মো: শহিদুল ইসলাম, প্রভাষক(উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন), কাউনিয়া ডিগ্রী কলেজ, কাউনিয়া, রংপুর।

০৬। সংরক্ষণ নথি।